দৈনিক
আমাদের সময়

তারিখ ..02 NOV 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...2...

# নীতিমালা না মানা মেডিক্যাল কলেজ বন্ধ করা হবে

—স্বাস্থ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক ●**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, যেসব বেসরকারি মেডিক্যাল কলেজ নীতিমালা মেনে চলছে না; পর্যায়ক্রমে তা বন্ধ করে দেওয়া হবে। এ ক্ষেত্রে কোনো রাজনৈতিক চাপের কাছে নত হবে না সরকার। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) চার দিনব্যাপী স্বাস্থ্যসেবা ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী একথা বলেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, বেসরকারি মেডিক্যাল কলেজের ব্যাপারে আমাদের সতর্ক হওয়ার সময় এসেছে। অতীতে চিন্তাভাবনা না করেই অনেক মেডিক্যাল কলেজের অনুমোদন দেওয়া হয়েছে। সরকারি নীতিমালা না মানায় বিভিন্ন সময়ে ইতোমধ্যে চারটি কলেজ বন্ধ করে দেওয়া হয়েছে। বেসরকারি মেডিক্যাল সরকারি নীতিমালা মানছে কিনা, দেখা হচ্ছে। প্রয়োজনে বন্ধ করে দেওয়া হবে। রাজনৈতিক কোনো চাপের কাছে আমি নতি-স্বীকার করব না।

দেশে যত্রতত্র ডায়াগনস্টিক সেন্টার গড়ে ওঠায় ক্ষোভ প্রকাশ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সারা দেশে বেসরকারিভাবে ব্যাঙের ছাতার মতো ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে। এভাবে আর হতে দেওয়া যাবে না। অয়ানস্টিক সেন্টারের দৌরাত্ম্য বন্ধে শিগগির নীতিমালা করা হচ্ছে বলে জানান তিনি।

ডিআরইউ সভাপতি জামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) সহকারী অধ্যাপক শাহজাদা সেলিম, নভো নরডিস্কের হেড অব মার্কেটিং মোহাম্মদ সাইফুল বক্তব্য দেন।

ডিআরইউ সাধারণ সম্পাদক রাজু আহমেদ জানান, ডায়াবেটিসের স্ক্রিনিং ও পরামর্শ দেওয়ার মাধ্যমে স্বাস্থ্যসেবা ক্যাম্প শুরু হয়েছে।